DEC. 1 5 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ......

# পুরনো বই সরবরাহের চেষ্টা ঃ শিক্ষা মন্ত্রণালয় বিপাকে

ইত্তেফাক রিপোর্ট ॥ এ বছর নতুন বই দেয়ার কথা থাকলেও কভার ও মুখবন্ধ পাল্টিয়ে গত বছরের প্রায় দুই কোটি বই

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষা মন্ত্রণালয় বিপাকে

(প্রথম পৃষ্ঠার পর)

সরবরাহ করা হচ্ছে এমন খবর পেয়ে শিক্ষা মন্ত্রণালয় বিপাকে পড়েছে। পুরনো বই যাতে শিক্ষার্থীদের মধ্যে সরবরাহ করা না হয় সে লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করেছে। শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন ঘটনার সত্যতা স্বীকার করে বলেছেন, গত বছরের বই সরবরাহের চেষ্টা চলছে এটা ঠিক। আর গত ১০ই ডিসেম্বর মধ্যরাতে এ ধরনের প্রায় তিন লাখ বই আটক করা হয়েছে।

পুরনো বই চালিয়ে দেয়ার কারণে ৮০ কোটি টাকার মত আর্থিক ক্ষতি হতে পারে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়। সূত্র জানায়, নতুন বই ছাপার জন্য প্রেসগুলোকে নতুন কাগজ সরবরাহ করা হয়েছে। তাছাড়া ছাপার অর্থও তাদের দেয়া হবে। এ বছর প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে ৮ কোটি বই ছাপা হচ্ছে।